DEC. _ 6 2000

123

## রাজশাহী মেডিকেল কলেজ

# ৩ চাঁদাবাজ ছাত্রলীগ নেতাকে বহিষ্কার ধর্মঘট প্রত্যাহার

**রাজশাহী প্রতিনিধি**

একজন ইন্টার্নি চিকিৎসককে দিগম্বর করে মারধর এবং সন্ত্রাস সৃষ্টির অভিযোগে রাজশাহী মেডিকেল কলেজ কর্তৃপক্ষ ছাত্রলীগের তিন চাঁদাবাজ নেতাকে সাময়িকভাবে বহিষ্কার করেছে। গতকাল মঙ্গলবার রাজশাহী মেডিকেল কলেজের একাডেমিক কাউন্সিলের বর্ধিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত ঘোষণার সঙ্গে সঙ্গে ধর্মঘটী ইন্টার্নি চিকিৎসকরা কাজে যোগদান করেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, রোববার রাতে ছাত্রলীগের তিন নেতার অপারেশন চাঁদাবাজির পর পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হয়ে উঠতে থাকলে গতকাল সকাল সাড়ে ৯টায় মেডিকেল কলেজ একাডেমিক

সপ্তম পৃষ্ঠা ১১ কলাম ১

## রাজশাহী মেডিকেল কলেজ

শেষ পৃষ্ঠার পর

কাউন্সিলের বর্ধিত সভা আহ্বান করেন কলেজ অধ্যক্ষ। সভায় কলেজের সব বিভাগীয় প্রধান, একাডেমিক কাউন্সিলের সব সদস্য, ইন্টার্নি চিকিৎসক পরিষদ নেতৃবৃন্দ এবং মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকের উপস্থিতিতে অভিযুক্ত তিন ছাত্রলীগ নেতার এই ন্যক্কারজনক ঘটনার নিন্দা জ্ঞাপন করা হয়। সভায় অভিযোগকারী ইন্টার্নি চিকিৎসক এবং অভিযুক্তদের বক্তব্যসহ অন্যদের সাক্ষ্য গ্রহণ করা হয়। তিন ছাত্রলীগ নেতাকে রাজশাহী মেডিকেল কলেজের ভাবমূর্তি ক্ষুণ্ন করার দায়ে অভিযুক্ত করে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করার পর তাদের বিরুদ্ধে ওই ব্যবস্থা নেওয়া হয়। রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ এ বি সিদ্দিকী জানান, ওই তিন ছাত্রলীগ নেতা রিয়াজুল ইসলাম রুমমান, সাইফুল ইসলাম এবং শুভ্রময় বড়ুয়া তৃতীয়বর্ষের পরীক্ষার্থী। পরবর্তী সময়ে তাদের বিরুদ্ধে আরো কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ পাঠানো হবে বলে অধ্যক্ষ জানান।